সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং ১৬২০ তারিখ ২২।০৭।২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০০০.০২১.০৬.০০০১.২৬.১৮৩৪

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

বিষয়: জুন ২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ

গত ২৮.০৬.২০২৬ তারিখে বিটিভি সদর দপ্তর ভবনের সভাকক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এসাথে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতির তথ্য আগামী ২১.০৭.২০২৬ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** সভার কার্যবিবরণী

০৯.০৭.২০২৬

(মোহাম্মদ মোজাম্মেল হক)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৫৫১৩১৯১৮ (অফিস)

বিতরণ: সদয় কার্যার্থে-

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০২। উপমহাপরিচালক (বার্তা/অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৩। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৪। পরিচালক.....................................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৫। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৭। মুখ্য বার্তা সম্পাদক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র
০৮। সিনিয়র ইঞ্জিনিয়ার..........................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৯। প্রকল্প পরিচালক.....................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র
১০। অনুষ্ঠান নির্বাহী/কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার................(সকল), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর/ঢাকা কেন্দ্র
১১। নিয়ন্ত্রক (প্রকৌশল/ক্যামেরা/ডিজাইন), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র
১২। অতিরিক্ত পরিচালক (প্রশাসন), বিটিভি, সদর দপ্তর, ঢাকা
১৩। কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
১৪। উপপরিচালক (নিরাপত্তা), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা
১৫। উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর/ঢাকা কেন্দ্র
১৬। উপপরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর/ঢাকা কেন্দ্র
১৭। জনাব মোহাম্মদ মনির হোসেন, নির্বাহী প্রযোজক (বার্তা), বিটিভি, ঢাকা কেন্দ্র
১৮। সহকারী পরিচালক (প্রশাসন-১/২/৩/৪), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা
১৯। উপকেন্দ্র প্রধান...............(সকল), বাংলাদেশ টেলিভিশন
২০। জনাব মোঃ শহীদুল ইসলাম, ক্রয় কর্মকর্তা, বিটিভি, সদর দপ্তর, ঢাকা

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়

| | | |
|---|---|---|
| সিস্টেম এনালিস্ট | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন | |
| প্রোগ্রামার-১ | | |
| প্রোগ্রামার-২ | ☐ উপস্থাপন করুন | |
| রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | ☐ কথা বলুন | |
| | ☐ তাগিদ দিন | |
| সহঃ প্রোগ্রামার | ☐ | |
| সহঃ রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | | |
| পিএ | | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

০১। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। মহাপরিচালক-এর ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। কার্যালয় নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

## জুন ২০২৬ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | : | ২৮ শে জুন ২০২৬ খ্রি. |
| সময় | : | বিকাল ০৩:০০ টা |
| স্থান | : | সদর দপ্তর ভবনের সভাকক্ষ |
| সভাপতি | : | মহাপরিচালক |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে মে ২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | ঢাকা কেন্দ্রের সম্প্রচার ২৪ ঘন্টা | বিটিভিসহ বিটিভি নিউজ নিরবচ্ছিন্নভাবে ২৪ ঘন্টা সম্প্রচার চালু রাখার জন্য আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে ঢাকা কেন্দ্র হতে পূর্ণাঙ্গ পরিকল্পনা মহাপরিচালকের নিকট উপস্থাপন করবেন। | প্রধান প্রকৌশলী<br>জেনারেল ম্যানেজার ঢাকা কেন্দ্র |
| ০২. | Fresh অনুষ্ঠান সম্প্রচার | জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকে ০৮ ঘন্টার Fresh অনুষ্ঠান অন্তর্ভুক্ত করে ২৪ ঘন্টার প্রচারসূচি প্রণয়ন করতে হবে। | উপমহাপরিচালক (অনুষ্ঠান)<br>জেনারেল ম্যানেজার ঢাকা কেন্দ্র |
| ০৩. | অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচারের জন্য অনুমোদন গ্রহণ | অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচারের জন্য আবশ্যিকভাবে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে। অনুমোদন ব্যতীত কোনো ধরণের অনুষ্ঠান প্রচারিত হলে সংশ্লিষ্ট প্রযোজক ও কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার দায়ী থাকবেন। | |
| ০৪. | প্রান্তিকের বিশেষ অনুষ্ঠান ও শিল্পী তালিকা | প্রতি প্রান্তিকের বিশেষ অনুষ্ঠান ও শিল্পী তালিকা অনুষ্ঠান প্রচারের পূর্বে কর্তৃপক্ষ কর্তৃক আবশ্যিকভাবে অনুমোদিত হতে হবে। | উপমহাপরিচালক (অনুষ্ঠান)<br>জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ০৫. | বিশেষ দিবসের অনুষ্ঠান | বিশেষ দিবসের অনুষ্ঠান নির্মাণ ও প্রচারের ক্ষেত্রে আবশ্যিকভাবে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। | উপমহাপরিচালক (অনুষ্ঠান)<br>জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্র |
| ০৬. | বরেণ্য কবি সাহিত্যিকদের নিয়ে অনুষ্ঠান | বরেণ্য কবি সাহিত্যিকদের নিয়ে অনুষ্ঠান নির্মাণের ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। | উপমহাপরিচালক (অনুষ্ঠান)<br>জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ০৭. | অনুষ্ঠান ধারণের পূর্বে বাজেটের অনুমোদন গ্রহণ | যে কোনো ধরণের অনুষ্ঠান ধারণের পূর্বে কর্তৃপক্ষের নিকট হতে শিল্পী সম্মানীর বাজেট অনুমোদিত হতে হবে। এ ক্ষেত্রে কোনো ধরণের ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দায়ী থাকবেন। | |
| ০৮. | শিল্পী সম্মানী খাতে নিয়োজন | শিল্পী সম্মানী খাতে সকল নিয়োজন বন্ধ থাকবে। বিশেষ প্রয়োজনে নিয়োজনের ক্ষেত্রে দরকার হলে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে। | জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৯. | বিটিভি আধুনিকায়ন ও যুগোপযোগী করে তরুণ প্রজন্মের কাছে আকর্ষণীয় করে তোলা | বিটিভির জন্য যুগোপযোগী ও তরুণ প্রজন্মের কাছে আকর্ষণীয় আধুনিক ফিচার সমৃদ্ধ মোবাইল অ্যাপস্ সংগ্রহের লক্ষ্যে নতুন অর্থ বছরের জন্য (২০২৬-২৭) দরপত্রের মাধ্যমে মোবাইল অ্যাপস এর কার্যাদেশ প্রদান ও চুক্তি সম্পাদন হওয়ায় পরবর্তী সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১০. | ডি-নথি | প্রশাসনিক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সমন্বয় সভার নির্দেশনা অনুযায়ী ডি-নথিতে নথি নিষ্পন্নের হার ১০০% এ উন্নীতকরণ নিশ্চিত করতে হবে। সকল শাখা প্রধান ও সিনিয়র সিস্টেম এনালিস্ট ডি-নথির কার্যক্রম তদারকি করে মন্ত্রণালয়ের সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১১. | ভূমি ও মামলা সংক্রান্ত | ক) ভূমি উন্নয়ন কর, হোল্ডিং ট্যাক্স ও পয়:নিষ্কাশন কর নিয়মিত পরিশোধিত রাখতে হবে।<br>খ) পূর্বাচল নতুন শহর প্রকল্পে বিটিভির অনুকূলে বরাদ্দকৃত জমি বিটিভিকে হস্তান্তরের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে।<br>গ) বিটিভির অনিষ্পন্ন ১৯৬টি মামলা দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে।<br>ঘ) বিটিভির মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রেষণে আইন কর্মকর্তা নিয়োগের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১২. | কম্পিউটার সংক্রান্ত যন্ত্রাংশের তালিকা | প্রত্যেক শাখা প্রধান তাদের অধীনস্থ শাখায় অবস্থিত কম্পিউটার সংক্রান্ত সচল ও অচল যন্ত্রাংশের তালিকা প্রস্তুত করত: আইটি অনুশাখায় প্রেরণ করবেন। আইটি অনুশাখা প্রাপ্ত তালিকা যাচাই বাছাই করে সচল কম্পিউটার ও প্রিন্টারের চাহিদা অনুযায়ী শাখায় বিতরণ করবেন। | শাখা প্রধান (সকল)<br>ও<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১৩. | প্রশিক্ষণ কক্ষ, সভা কক্ষ এবং প্রিভিউ কক্ষ মেরামত/সংস্কার | বিটিভি সদর দপ্তরের প্রশিক্ষণ কক্ষ, সভা কক্ষ এবং প্রিভিউ কক্ষ মেরামত/সংস্কার করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>ও<br>সিনিয়র ইঞ্জিনিয়ার (পূর্ত) |
| ১৪. | বিটিভি রংপুর উপকেন্দ্রের সীমানা প্রাচীর সংলগ্ন অবৈধ স্থাপনা উচ্ছেদ | বিটিভি রংপুর উপকেন্দ্রের কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে মাটি ভরাট করায় হেলে পড়া প্রাচীর ও উপকেন্দ্রে সৃষ্ট নিরাপত্তা বিঘ্নের জন্য অবৈধ দখলদার উচ্ছেদের লক্ষ্যে রুজুকৃত মামলার চার্জশীট দাখিলের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রাখবেন। এ সংক্রান্ত অগ্রগতি প্রধান কার্যালয়ে যথাসময়ে অবহিত করবেন। | জনাব মো: জিল্লুর রশিদ সিনিয়র ইঞ্জিনিয়ার, উপকেন্দ্র প্রধান রংপুর |
| ১৫. | সিসিটিভি ক্যামেরা সংস্থাপন | বাংলাদেশ টেলিভিশন কেপিআই স্থাপনা হিসেবে সিসিটিভি ক্যামেরা সংস্থাপনের আহবানকৃত দরপত্রের চুক্তি অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১৬. | বিটিভির নিরাপত্তা | ক) বিটিভির নিরাপত্তা ব্যবস্থাপনায় ঝুঁকি এড়াতে ০৪ নং গেইটের বাহিরের অংশে বেড়া দেয়ার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী বিটিভি সদর দপ্তরসহ সকল কেন্দ্র/উপকেন্দ্রের নিরাপত্তা নিশ্চিতকল্পে পত্রে বর্ণিত সকল নির্দেশনা প্রতিপালন নিশ্চিত করতে হবে। | জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্র<br>ও<br>উপপরিচালক (নিরাপত্তা)<br>ও |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৭. | বায়োমেট্রিক হাজিরা ও নিয়মিত উপস্থিতি | ক) নিয়মিত উপস্থিতি নিশ্চিত করণের লক্ষ্যে বায়োমেট্রিক হাজিরা প্রতিবেদন সকল কেন্দ্র/উপকেন্দ্র থেকে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে আইটি অনুশাখায় প্রেরণ করতে হবে।<br>খ) কর্মকর্তা/কর্মচারীগণ যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান করেছেন কিনা তার তথ্যাদি আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>শাখা প্রধান (সকল)<br>কেন্দ্র/উপকেন্দ্র প্রধান (সকল) |
| ১৮. | বিটিভির জনবল সংক্রান্ত | ক) ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের জনবলের চাহিদা পূরণে নির্দিষ্ট মেয়াদে পদায়নের জন্য প্রত্যাবর্তনের তারিখ উল্লেখপূর্বক রোস্টার প্রস্তুত করতে হবে। রোস্টার অনুযায়ী চট্টগ্রাম কেন্দ্রে পূর্বে সংযুক্ত জনবল ফেরত আনার ও নতুন জনবল পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) ৩য় ও ৪র্থ শ্রেণির সরাসরি জনবল নিয়োগের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে দ্রুত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১৯. | প্রশিক্ষণ সংক্রান্ত | ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্র প্রফেশনাল প্রশিক্ষণ আয়োজন করবে। প্রশাসনিক/আর্থিক বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে মহাপরিচালকের অনুমোদন গ্রহণ করতে হবে। | জেনারেল ম্যানেজার ঢাকা/<br>চট্টগ্রাম কেন্দ্র |
| ২০. | প্রতিবেদন প্রেরণ | প্রশাসনিক মন্ত্রণালয় ও বিটিভি সদর দপ্তর হতে চাহিত সকল প্রতিবেদন শাখা প্রধান কর্তৃক পরীক্ষান্তে প্রেরণ করবেন। প্রেরিত প্রতিবেদনে কোনো ভুল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন। | সকল শাখা প্রধান ও জেনারেল ম্যানেজার, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ২১. | অডিট আপত্তি সংক্রান্ত | ক) বিটিভির অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের বিষয়ে অডিট অধিদপ্তরের মতামত প্রাপ্তিতে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ) অডিট আপত্তির জবাব সংশ্লিষ্ট শাখা থেকে যৌক্তিক তথ্য সমৃদ্ধ ও সন্তোষজনক হতে হবে। অপ্রাসঙ্গিক ও অগোছালো জবাবের জন্য অনিষ্পন্ন আপত্তির দায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে বহন করতে হবে।<br>গ) প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভার আয়োজন প্রকল্প পরিচালকের কার্যালয় সম্পন্ন করবে। | প্রধান প্রকৌশলী<br>পরিচালক (সকল)<br>জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র<br>প্রকল্প পরিচালক (সকল)<br>ও<br>উপকেন্দ্র প্রধান (সকল) |
| ২২. | বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | ক) ২০২৬-২৭ অর্থ বছরের সকল ক্রয় পরিকল্পনা আগামী সমন্বয় সভার পূর্বে প্রস্তুতকরত: ৩১.০৭.২০২৬ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br>খ) রাজস্ব ও প্রকল্পের ক্রয় সংক্রান্ত আপত্তি যাতে উত্থাপিত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ক্রয় কাজে সরকারি আইন ও বিধিবিধান অনুসরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>পরিচালক (সকল)<br>জেনারেল ম্যানেজার, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ২৩. | আর্থিক ব্যবস্থাপনা | ক) পরিচালন বাজেটের প্রান্তিক ভিত্তিতে খাতওয়ারী আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) প্রান্তিক ভিত্তিক রাজস্ব আহরণ, বাজেট বাস্তবায়ন, ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন ও অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার জন্য আর্থিক ব্যবস্থাপনা কমিটির সভা প্রান্তিক ভিত্তিতে আহবান করতে হবে।<br>গ) অর্থ ও হিসাব শাখায় শিল্পী সম্মানী হতে নিয়োজিত কোনো কর্মকর্তা/কর্মচারী কর্মরত থাকতে পারবেন না। | উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>পরিচালক (অর্থ)<br>ও<br>জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৪. | লাইসেন্স সংক্রান্ত | ক) ২০২৬-২৭ অর্থ বছরে নতুন লাইসেন্স প্রদানের পাশাপাশি লক্ষ্যমাত্রা অনুযায়ী লাইসেন্স নবায়ন অব্যাহত রাখতে হবে।<br>খ) বিটিভির চ্যানেলসমূহ স্বচ্ছ ও পরিচ্ছন্নভাবে টিভি সেটে প্রদর্শিত হচ্ছে কিনা তা গঠিত ভিজিলেন্স টিম কর্তৃক সরেজমিনে বিভিন্ন এলাকা পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>গ) লাইসেন্স শাখা কর্তৃক মাসিক আয়ের তথ্যচিত্র সভায় উপস্থাপন করতে হবে। | কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার |
| ২৫. | শিল্পী সম্মানী ইএফটিএন-এ পরিশোধ | ক) ঢাকা কেন্দ্রের পাশাপাশি চট্টগ্রাম কেন্দ্রে ইএফটিএন-এর মাধ্যমে শিল্পী সম্মানী পরিশোধের লক্ষ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র অনুযায়ী সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>খ) ঢাকা কেন্দ্র হতে ব্যাংক স্থিতি নিশ্চিত হয়ে শিল্পীদের অনুকূলে চেক ইস্যু করতে হবে। যাতে ব্যাংক কর্তৃক চেকের অর্থ পরিশোধের জন্য কোনো জটিলতা সৃষ্টি না হয়। | সিনিয়র সিস্টেম এনালিস্ট ও জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ২৬. | শিল্পী/নাট্যকারদের সম্মানী প্রদান | শিল্পী/নাট্যকারদের সম্মানী ইএফটিএন-এর মাধ্যমে আবশ্যিভাবে পরিশোধ করতে হবে। ইএফটিএন ফরম ছাড়া কোনো বাজেট অনুমোদন করা হবে না। অর্থ ও হিসাব শাখা কর্তৃক আর্থিক বিধি বিধান অনুসরণপূর্বক শিল্পী সম্মানী পরিশোধ নিশ্চিত করবে। | জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র ও উপপরিচালক (অর্থ) ঢাকা কেন্দ্র |
| ২৭. | শিল্পী কলাকুশলীদের তালিকা হালনাগাদকরণ | বিদ্যমান নীতিমালা অনুসরণ করে শিল্পীর ক্যাটাগরী অনুযায়ী হালনাগাদ তালিকা দ্রুত সম্পন্ন করতে হবে। | জেনারেল ম্যানেজার, ঢাকা/ চট্টগ্রাম কেন্দ্র |
| ২৮. | নতুন কুঁড়ির সেরা দশ এ উত্তীর্ণ শিল্পী | শিশু কিশোরদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা নতুন কুঁড়ি-২০২৫-এর 'সেরা দশ'-এ উত্তীর্ণ সকল বিভাগের অংশগ্রহণকারীদের মধ্যে ন্যূনতম ৭০% অংশগ্রহণকারীকে বাংলাদেশ টেলিভিশনের শিশু-কিশোরদের (পরবর্তীতে তরুণদের) অনুষ্ঠানে সম্পৃক্ত রাখতে হবে। | জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ২৯. | অনুষ্ঠানে শিল্পীদের অংশগ্রহণ | ক) ঢাকা কেন্দ্রের তালিকাভুক্ত শিল্পীগণ ঢাকা কেন্দ্র হতে ছাড়পত্র গ্রহণের মাধ্যমে চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন।<br>খ) চট্টগ্রাম কেন্দ্রে তালিকাভুক্ত শিল্পীগণ চট্টগ্রাম কেন্দ্রের সকল অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন।<br>গ) চট্টগ্রাম কেন্দ্রের তালিকাভুক্ত শিল্পীগণ ঢাকা কেন্দ্রে অডিশনের মাধ্যমে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে ঢাকা কেন্দ্রের অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন। | জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ৩০. | টিভি গাইড প্রকাশ | ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠান প্রচার সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য সমৃদ্ধ টিভি গাইড প্রান্তিক ভিত্তিক প্রকাশ নিশ্চিত করতে হবে। | পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা) |
| ৩১. | জেলা সংবাদদাতা | জেলা সংবাদদাতাদের নিয়োজন বাতিলের পরিপ্রেক্ষিতে রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে মাননীয় সুপ্রিম কোর্টের আপিল বিভাগে মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা মামলার সার্টিফায়েড কপি উত্তোলন করে রেগুলার সিভিল আপীল দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপমহাপরিচালক (বার্তা) ও জনাব মোহাম্মদ মনির হোসেন নির্বাহী প্রযোজক (বার্তা) ঢাকা কেন্দ্র |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩২. | দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার শীর্ষক প্রকল্প | ক) ৩০.০৬.২০২৬ তারিখে প্রকল্পের মেয়াদ শেষ হয়েছে। প্রকল্প পরিচালক প্রকল্পের অসমাপ্ত কাজ (ট্রান্সমিটার স্থাপন, ডিজিটাল এন্টেনা চালুকরণ, জেনারেটন, ইউপিএস, এভিআর সংস্থাপন ও চালুকরণ) দ্রুত সম্পন্ন করবেন এবং পিসিআর জমা দিবেন।<br>খ) অনিষ্পন্ন সকল অডিট আপত্তি নিষ্পত্তি করবেন। | প্রকল্প পরিচালক (সমাপ্ত প্রকল্প) |
| ৩৩. | বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের প্রকল্প | ক) পূর্তকাজসহ অন্যান্য কাজ মনিটরিং করে যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত পিআইসি সভা আয়োজন করতে হবে।<br>খ) প্রকল্পের গুরুত্বপূর্ণ পূর্ত কাজ বাস্তবায়নকালে আবশ্যিকভাবে প্রকল্প পরিচালককে প্রকল্পস্থলে অবস্থান করতে হবে।<br>গ) মাল্টিপারপাস ভবনের মাল্টিপারপাস ভবনের ফিনিশিং কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>ঘ) যে কোনো ক্রয় কাজে অডিট আপত্তি এড়াতে প্রযোজ্য সরকারি আইন ও বিধিবিধান প্রতিপালনে নিশ্চিত থাকতে হবে। | জেনারেল ম্যানেজার ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩৪. | বিজ্ঞাপন প্রচার সংক্রান্ত | ক) বিজ্ঞাপন সংগ্রহের লক্ষ্যে বিজ্ঞাপনদাতা ও এজেন্সীর পাশাপাশি সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগাযোগ করতে হবে।<br>খ) সরকারি দপ্তরের প্রচারিত বিজ্ঞাপনসমূহের ক্ষেত্রে বিটিভির বিদ্যমান রেটকার্ড অনুযায়ী অর্থ দাবী করে বিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট পাঠাতে হবে।<br>গ) সোশ্যাল মিডিয়ার জন্য প্রণীত রেটকার্ড সরকার কর্তৃক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>ঘ) বিটিভি নিউজ চ্যানেলের জন্য বিজ্ঞাপনের রেটকার্ড অনুযায়ী বিজ্ঞাপন সংগ্রহ করতে হবে।<br>ঙ) বিজ্ঞাপন এজেন্সী তালিকাভুক্তি নীতিমালা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (বিজ্ঞাপন) |

০৩। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/০৭/২০২৬

মো: মাহবুবুল আলম
মহাপরিচালক
ফোনঃ ৫৫১৩২২২২ (অফিস)
ই-মেইল: dg@btv.gov.bd